

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ-১ শাখা
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৫৭.৭০.০০১.২৪.১৯০(১৩)

তারিখ: ০২ আষাঢ় ১৪৩৩
১৬ জুন ২০২৬

বিষয়: **প্রশাসনিক অনুমোদন**

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.০০০.৬১২.০৭(২৬).০০০৪.২৬.১৬৩; তারিখ: ১৬ জুন ২০২৬
(২) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশাঃ/স্টোর-৪২/(অংশ-২)/২০২৬/৩৩৪; তারিখ: ২০ মে ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই)-এর আওতায় ২০২৫-২৬ অর্থবছরের মাঠ পর্যায়ে বুটিন ইপিআই ভ্যাকসিন নিরবচ্ছিন্নভাবে সরবরাহ নিশ্চিতকল্পে স্বাস্থ্য অধিদপ্তরের প্রস্তাব এবং সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদনক্রমে পরিচালন বাজেটে বরাদ্দকৃত অর্থ হতে ৪১২,৭১,৪৫,৭৫৫.৪৭ (চারশত বার কোটি একাত্তর লক্ষ পঁয়তাল্লিশ হাজার সাতশত পঞ্চাশ দশমিক চার সাত) টাকা ব্যয়ে ভ্যাকসিন উৎপাদনকারী প্রতিষ্ঠান কিংবা আন্তর্জাতিক বিশেষায়িত প্রতিষ্ঠান United Nations Children's Fund (UNICEF)-এর মাধ্যমে সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) ক্রয়/সংগ্রহের জন্য নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো:

শর্তাবলী:

- (ক) “পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬”, “পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫”, “আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ (সর্বশেষ হালনাগাদ-২০২৬)”সহ প্রযোজ্য সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (খ) মোটিফিকেশন অব এ্যাওয়ার্ড প্রদানের পূর্বে সকল কাগজ-পত্র পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করতে হবে;
- (গ) প্রস্তাবিত ক্রয়ে বিধি মোতাবেক সকল প্রকার ট্যাক্স ও ভ্যাট কর্তনের বিষয়টি চুক্তিপত্রে অন্তর্ভুক্ত করতে হবে;
- (ঘ) প্রস্তাবিত ক্রয়ে বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ঙ) অর্থ বিভাজন আদেশের সকল শর্ত যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (চ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে ত্রুটি বা অনিয়মের দায়-দায়িত্ব বিল পরিশোধকারী কর্তৃপক্ষকে বহন করতে হবে।


মহাপরিচালক

স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা

[দৃষ্টি আকর্ষণ: পরিচালক (প্রশাসন),
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা]

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থে:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
- ২। পরিচালক, সেন্ট্রাল মেডিকেল স্টোরস ডিপো (সিএমএসডি), তেজগাঁও, ঢাকা;
- ৩। মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
- ৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
- ৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৭। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য/উন্নয়ন/বাজেট)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৮। যুগ্মসচিব (ক্রয় ও সংগ্রহ অধিশাখা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৯। অফিস কপি।


মো: সাইফুল ইসলাম মজুমদার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৬৪৫
procurement1@hsd.gov.bd